দৈনিক ইত্তেফাক

তারিখ 28 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

028

**প্রশ্নপত্র ফাঁস**

# কুমিল্লা বোর্ডের বিজ্ঞান ২য় পত্র পরীক্ষা স্থগিত

( ইত্তেফাক রিপোর্ট )

প্রশ্নপত্র ফাঁস হইয়া যাওয়ার প্রেক্ষিতে কুমিল্লা বোর্ডের গতকালের (সোমবার) সাধারণ বিজ্ঞান দ্বিতীয় পত্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হইয়াছে। নূতন করিয়া প্রশ্নপত্র প্রণয়ন ও মুদ্রণের পর আগামী

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

**প্রশ্নপত্র ফাঁস**

( ১ম পৃ: পর )

৬ই এপ্রিল এই পরীক্ষাটি গ্রহণ করা হইবে।

গত শনিবার ফেনী কেন্দ্রে বিজ্ঞান দ্বিতীয় পত্রের প্রশ্ন ফাঁস হইয়া যায়। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান জানান, শনিবার বিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষার দিনে ফেনী কেন্দ্রে ভুলবশত: বিজ্ঞান দ্বিতীয় পত্রের প্রশ্নপত্রের প্যাকেট খুলিয়া পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। পরে এই ভুল ধরা পড়িলে দ্বিতীয় পত্রের প্রশ্নপত্রগুলি ফেরত নিয়া প্রথম পত্রের প্রশ্নপত্র বিতরণ করা হয় এবং যথারীতি প্রথম পত্রের পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু ইতিমধ্যে বিজ্ঞান দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র বাহিরে চলিয়া যায় এবং উহা ফটোস্টেট করিয়া বিতরণ করা হয়। ফেনী কেন্দ্রের শিক্ষকগণ দ্বিতীয় পত্রের প্রশ্নের প্যাকেট খুলিয়া ফেলা ও উহা ফাঁস হইয়া যাওয়ার খবর বোর্ড কর্তৃপক্ষের নিকট গোপন করিয়া রাখে। কিন্তু ঐ দিন রাত্রে বাহিরের কিছু লোক টেলিফোনে প্রশ্নপত্র ফাঁস হইয়া যাওয়ার খবর বোর্ড কর্তৃপক্ষকে জানাইলে বোর্ড কর্তৃপক্ষ উহার সত্যতা যাচাই করেন এবং পরীক্ষাটি স্থগিত ঘোষণা করেন।

প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা সম্পর্কে তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান জানান, তদন্ত শেষে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।